ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-৩৫৪০</u>

জিরানীয়া, ১ নভেম্বর, ২০২৫

**রাজনৈতিক পরিচিতির উর্দ্ধে ওঠে সরকার মানুষের সামগ্রিক বিকাশে কাজ করছে ঃ পর্যনট মন্ত্রী**

আজ জিরানীয়া নগর পঞ্চায়েতের উদ্যোগে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে প্রধানমন্ত্রী আবাস যোজনা (আরবান ২.০) প্রকল্পের আওতাভুক্ত বিভিন্ন সুবিধাভোগীদের হাতে ঘর নির্মাণের অনুমোদনপত্র প্রদান করা হয়। জিরানীয়া নগর পঞ্চায়েত কার্যালয় প্রাঙ্গণে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী। বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, সরকার রাজনৈতিক পরিচিতির উর্দ্ধে ওঠে রাজ্যের সকল মানুষের সামগ্রিক বিকাশে কাজ করছে। সরকারের নিরলস উন্নয়নমূখী কাজের ফলে আজ রাজ্যের পরিকাঠামো, শিক্ষা, স্বাস্থ্য, গ্রামীণ অর্থনীতির বিপুল উন্নয়ন পরিলক্ষিত হচ্ছে। তিনি আশা প্রকাশ করেন উন্নয়নের এই ধারা বজায় থাকলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির চিন্তাপ্রসূত ২০৪৭ সালের মধ্যে ভারতবর্ষকে এক উন্নত রাষ্ট্রে পরিণত করার কাজ সহজতর হবে।

উল্লেখ্য, আজকের এই অনুষ্ঠানে নগর এলাকার ২৩৪ জন সুবিধাভোগীকে ঘর নির্মাণের অনুমোদনপত্র বিতরণ করা হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জিরানীয়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রতন কুমার দাস, জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ, বিশিষ্ট সমাজসেবী রণজিৎ রায় চৌধুরী। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জিরানীয়া নগর পঞ্চায়েতের উপমুখ্য কার্যনির্বাহী আধিকারিক জন্মেজয় চাকমা।

*******